



অফিস আদেশ

তারিখ- ২৭/০৮/২০২৩ খ্রি.

নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ বোর্ডে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত কর্মকর্তাকে শর্ত সাপেক্ষে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ঢাকা মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া হলো।

ক্র.নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগ যোগ্য পদের নাম	মনোনীত প্রতিনিধির পদবী ও ঠিকানা
০১	ধাইরপাড়া উচ্চ বিদ্যালয় ধোবাউড়া, ময়মনসিংহ।	১। পরিচ্ছন্নতাকর্মী-০১। (পদটি শূন্য/সৃষ্ট)	প্রধান শিক্ষক গভ. ল্যাবরেটরী হাই স্কুল ময়মনসিংহ।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

৩। মনোনীত ব্যক্তির কার্যের দ্বারা মহাপরিচালক, মাউশি, ঢাকার উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না। সংশ্লিষ্ট নিয়োগ বোর্ডের সুপারিশ এমপিওভুক্তির নিশ্চয়তা বহন করে না। ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে জারিকৃত জনবল কাঠামোতে নির্দেশিত প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীকে প্রতিষ্ঠানের বেসরকারি তহবিল হতে ১০০% বেতন ভাতাদি প্রদান করতে হবে।

৪। নিয়োগ বোর্ডে দায়িত্ব পালনের ক্ষেত্রে শর্ত সমূহঃ

(ক) ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে সংশোধিত জারিকৃত জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাপ্যতা যাচাই করে নিয়োগের জন্য সুপারিশ করবেন।

(খ) নিয়োগের ফলাফল বিবরণীতে প্রতিযোগীদের ইনডেক্স/নিবন্ধন/অভিজ্ঞতা/শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।

(গ) ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে সংশোধিত জনবল কাঠামো অনুসরণ করতে হবে।

(ঘ) প্রস্তাবিত পদটি ২৮/০৩/২০২১ এর সংশোধিত জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা থাকলে তিনি নিয়োগ/বাছাই কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ফলাফল সীটে অবশ্যই তাঁর নাম, পদবী ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন।

(ঙ) কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ছাড়া এবং প্যাটার্নের অতিরিক্ত পদে শিক্ষক/কর্মচারী নিয়োগে সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের নং-শা/মামলা/৮-২৩৩/২০০৬/১১৯১, তারিখ-১৮/০৯/২০০৬ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) সভাপতির সাথে সমন্বয়পূর্বক মনোনীত প্রতিনিধির সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ, স্থান ও সময় নির্ধারণ করবেন।

(ছ) প্রস্তাবিত পদের অনুকূলে নিয়োগ কার্যক্রমে বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে নিয়োগ প্রদান করা যাবে না।

(জ) নিয়োগ কার্যক্রমে কোন প্রকার ক্রুটি/গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(ঝ) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী ডিজি মহোদয়ের প্রতিনিধি বাতিল/পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোহিনা খাতুন)

জেলা শিক্ষা অফিসার

ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৬৬৬২২৩০।

তারিখ- ২৭/০৮/২০২৩ খ্রি.

স্মারক নং-জেশিঅ/ময়মন/২০২৩/৫২৫(৫)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।

৫। প্রধান শিক্ষক, গভ. ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ। (তাকে অনুচ্ছেদ-৪ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক নিয়োগ কার্যসম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ। (তাকে অনুচ্ছেদ-৪ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক নিয়োগ কার্যসম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৭। সভাপতি/প্রধান শিক্ষক, ধাইরপাড়া উচ্চ বিদ্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ।

৮। অফিস নথি।

17.08.23

(মোহিনা খাতুন)

জেলা শিক্ষা অফিসার

ময়মনসিংহ।

deomymen@yahoo.com